পানিহাটির ইসকন, শান্তির ঠিকানা

সুপর্ণা ভট্টাচার্য

কলকাতার ব্যস্ত কর্মজীবন আজ মানুষের জীবনকে যন্ত্রণা পীড়িত করেছে। ঠিক তখনই তাকে কাছে কুতূহল হাতছানি, অস্থির মন কখনো কখনো নিঃসঙ্গ। প্রতিদিনের নিয়ত ছুটি চলা, কাজের চাপ, যান্ত্রিক ডিজিটাল জীবনের অবিরাম সংঘাত—এরই মধ্যে মানুষ যেন নিজের ভেতরের শান্তিকেই কোথাও হারিয়ে ফেলেছে। এই ক্লান্তির মাঝেই যদি এমন একটি জায়গা পাওয়া যায়, যেখানে সময় একটু ধীর হয়ে আসে, যেখানে নিঃশ্বাসটা একটু গভীর হয়, যেখানে মন নিজের সঙ্গে কথা বলতে পারে, তাহলে সেটি নিঃসন্দেহে এক আশীর্বাদ। সেরকমই এক আশ্রমের নাম পানিহাটির ইসকন (ISKCON) মন্দির।

পানিহাটির এই ইসকন মন্দিরটি শহরের একেবারে নাগালের মধ্যেই হলেও এর পরিবেশ যেন পুরো ভিন্ন এক জগতের। মন্দিরের প্রবেশদ্বার পেরোনোর সঙ্গে সঙ্গেই বাইরের কোলাহল ধীরে ধীরে মিলিয়ে যায়। এখানে নেই শহরের সেই তাড়াহুড়ো, নেই হর্নের শব্দ, নেই কোনো প্রতিযোগিতা—বরং আছে এক অদ্ভুত প্রশান্তি, যা খুব ধীরে ধীরে মানুষের মনকে স্পর্শ করে।

এই মন্দিরটি পরিচালিত হয় ISKCON-এর অধীনে। ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত এই সংস্থা বিশ্বজুড়ে ভগবান শ্রীকৃষ্ণের ভক্তি, গীতাভিত্তিক জীবনদর্শন আর ভক্তিযোগের প্রচার করে আসছে। ইসকনের মূল দর্শন অত্যন্ত সরল—ভগবানের প্রতি প্রেম, সেবা আর মানবকল্যাণ জীবনের প্রকৃত শান্তির পথ। পানিহাটির এই মন্দির সেই দর্শনের এক জীবন্ত প্রতিফলন, যেখানে প্রতিদিনের প্রতিটি কার্যক্রমেই ভক্তির ছোঁয়া পাওয়া যায়।

মন্দিরের স্থাপত্য হয়তো খুব বিশাল বা রাজকীয় নয়, কিন্তু এর সৌন্দর্য লুকিয়ে আছে তার সারল্য ও পবিত্রতায়। সাদা রঙের পরিষ্কার দেওয়াল, সুগন্ধযুক্ত বেদি, ফুলের সুগন্ধ আর ভক্তিমূলক সঙ্গীত—সব মিলিয়ে পরিবেশ এমন যে, এখানে এসে মানুষ অজান্তেই ধীরে কথা বলতে শুরু করে, ধীরে হাঁটে, আর ধীরে ধীরে নিজের ভেতরের শব্দগুলো শুনতে পায়। এই নীরবতা কোনো শূন্যতা নয়, বরং এটি এক গভীর উপস্থিতি, যা মানুষকে নিজের সঙ্গে সংযুক্ত করে।

ভোরবেলার মঙ্গল আরতি দিয়ে এখানে দিন শুরু হয়। সূর্য ওঠার আগেই মন্দিরের ভেতর জ্বলে ওঠে প্রদীপ, শোনা যায় ঘণ্টার ধ্বনি, শুরু হয় কীর্তন। এই সময়ের পরিবেশ এতটাই পবিত্র ও গভীর যে অনেকেই বলেন—দিনের সবচেয়ে সুন্দর সময়টি কাটানো যায় এখানেই। এরপর চলে জপ, শাস্ত্রপাঠ, ভাগবত আলোচনা—যেখানে শোনা শুধু ধর্মীয় জ্ঞানই পান না, বরং জীবনের বাস্তব সমস্যার সহজ ব্যাখ্যাও খুঁজে পান।

সন্ধ্যার আরতি এই মন্দিরের অন্যতম আকর্ষণ। সূর্য ডোবার পর যখন মন্দির আলোকিত হয়ে ওঠে, তখন ভক্তদের সমবেত কীর্তন এক অদ্ভুত পরিবেশ তৈরি করে। করতাল, মৃদঙ্গ আর সমবেত কণ্ঠে হরে কৃষ্ণ মহামন্ত্র-কীর্তন—এই অভিজ্ঞতা শুধু দেখা বা শোনা নয়, এটি এক ধরনের অনুভব, যা মানুষকে ভেতর থেকে আলোড়িত করে।

মন্দিরের অন্যতম গুরুত্বপূর্ণ অংশ প্রসাদ। এখানে রান্না করা প্রতিটি খাবার ভগবানকে নিবেদন করার পর ভক্তদের মধ্যে বিলি করা হয়। ইসকনের মতে, এই প্রসাদ গ্রহণ করা মানে শুধু শরীরকে পুষ্ট করা নয়, বরং আত্মাকেও শুদ্ধ করা। অনেকেই নিয়মিত এই প্রসাদের জন্য আসেন, কারণ এর মধ্যে তারা খুঁজে পান একধরনের পবিত্রতা ও শান্তি।

এই মন্দির এক আধ্যাত্মিক শিক্ষাকেন্দ্র হিসাবেও গুরুত্বপূর্ণ। এখানে নিয়মিত গীতা পাঠের আয়োজন করা হয়, যেখানে জটিল দার্শনিক বিষয়গুলো সহজ ভাষায় ব্যাখ্যা করা হয়। শিশুদের জন্য নৈতিক শিক্ষা, যুবকদের জন্য জীবনদর্শনমূলক কর্মশালা—সব মিলিয়ে এটি এমন এক জায়গা, যেখানে ধর্ম শুধুমাত্র আচার নয়, বরং জীবনের অংশ হয়ে ওঠে। অনেক তরুণ-তরুণী এখানে এসে জীবনের উদ্দেশ্য, মানসিক চাপ মোকাবিলা আর আত্মউন্নয়নের পথ খুঁজে পান।

বিশেষ বিশেষ উৎসবের সময় মন্দিরের রূপ পুরো বদলে যায়। জন্মাষ্টমী উপলক্ষে মন্দির সেজে ওঠে আলো, ফুল আর রঙে। সারারাত ধরে চলে কীর্তন, ভোগ নিবেদন আর নানা সাংস্কৃতিক অনুষ্ঠান। হাজার হাজার ভক্ত তখন এখানে ভিড় করেন। একইভাবে গৌর পূর্ণিমা, রথযাত্রা—এসব উৎসবেও মন্দির প্রাঙ্গণ হয়ে ওঠে এক আনন্দমুখর মিলনমেলা, যেখানে ধর্ম, সংস্কৃতি আর আনন্দ একসঙ্গে মিশে যায়।

এই মন্দিরের সামাজিক ভূমিকা বিশেষভাবে উল্লেখযোগ্য। এখানে নিয়মিত গরিবদের জন্য খাবার বিলি, শিক্ষা সহায়তা, নানান মানবকল্যাণমূলক উদ্যোগ নেওয়া হয়। এইসব কাজের মাধ্যমে এই মন্দির শুধু ধর্মীয় প্রতিষ্ঠান হিসাবেই নয়, বরং একটি মানবিক সংগঠন হিসাবেও পরিচিতি পেয়েছে।

মাতামাতের দিক থেকেও পানিহাটির ইসকন মন্দিরের অবস্থান অত্যন্ত সুবিধাজনক। সোদপুর রেলস্টেশন থেকে অল্প দূরে হওয়ায় ট্রেন, বাস বা ব্যক্তিগত গাড়িতে সহজেই এখানে পৌঁছোনো যায়। ফলে শহরের বাস্ত মানুষও খুব সহজেই এখানে এসে কিছুটা সময় কাটাতে পারেন।

এখন যখন মানসিক স্বাস্থ্য এক বড়ো আলোচনার বিষয়, তখন এই ধরনের আধ্যাত্মিক সন্ত জায়গার গুরুত্ব আরো বেড়ে যায়। এখানে এসে মানুষ কিছু সময়ের জন্য হলেও নিজের ভেতরের অস্থিরতা ভুলে থাকতে পারে। কেউ আসে প্রার্থনা করতে,

কেউ আসে নির্জনে বসতে, কেউ আসে কীর্তনে অংশ নিতে—কিন্তু প্রায় সকলেই এখানে এসে এক ধরনের প্রশান্তি অনুভব করেন।

আরো গভীরভাবে চিন্তা করলে বোঝা যায়, এই মন্দির শুধু ধর্মীয় বিশ্বাসের জায়গা নয়, এটি এক ধরনের জীবনদর্শনের প্রতীক। এখানে মানুষ শেখে কীভাবে সরলভাবে বাঁচতে হয়, কীভাবে নিজের ভেতরের শান্তিকে খুঁজে পেতে হয় আর কীভাবে জীবনের প্রতিটি মুহূর্তকে অর্থপূর্ণ করে তুলতে হয়।

সবশেষে বলা যায়, পানিহাটির ইসকন মন্দির শুধুমাত্র একটি মন্দির নয়—এটি এক অনুভূতি, এক যাত্রা, এক আত্মিক আশ্রয়। নগরের কোলাহলের মাঝেও এটি যেন এক টুকরো নীরবতার দ্বীপ, যেখানে মানুষ নিজের হারিয়ে যাওয়া শান্তিকে ফের খুঁজে পায়, আর নতুন করে জীবনকে অনুভব করতে শেখে।

এ জানালায়

পশ্চিমবঙ্গ, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার, পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা, উত্তর কলকাতার জন্য

কর্মসংস্থান, স্বচ্ছতা ও Appointment & Career News

সুখবর এর

বিজ্ঞাপন দাতাদের জন্য

UNIQUE MEDIA CHANNEL
GOVT GST REGD
M: 9051120373 / 9531785874
Email : uniquemediachannel@gmail.com
বোলপুর শান্তিনিকেতন

Manorama Ad Agency
Manorama Correction, P.N Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta156@gmail.com
পূর্ব মেদিনীপুর

INOX ADD AGENCY
Medicogram (Bajrakamra Mela Ground) Panskura, Purba Medinipur
Mob. : 9800373880
8116470751
Email : inox.add@gmail.com

SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15, Hatibagan, Kolkata - 700 006
Mob. : 8777258122
9830261403
Email : aishmirchoudhury12@gmail.com

বিজ্ঞাপন দাতাদের জন্য
পেজের জন্য বিজ্ঞাপন প্রকাশ
ফোন করুন
9830795430
prapanchamarketing@gmail.com

Name Change

I Bestam Bibi W/O- Babu Sarkar, residing at Vill- Tikichar P.O - N. K. Batupur, P.S - Bhagwangola, Dist - Murshidabad (W.B). PIN- 742135 do hereby declare that vide Affidavit SL no 63 Dt 10.07.2026 Before The Notary Public at Berhampore, Murshidabad my name "Bestam Bibi and Nurefa Bibi" is the same and identically one person.

I Manoni Bibi W/O- Rahaman residing at Vill- Tikichar P.O - N. K. Batupur, P.S - Bhagwangola, Dist - Murshidabad (W.B). PIN- 742135 do hereby declare that vide Affidavit SL no 62 Dt 10.07.2026 Before The Notary Public at Berhampore, Murshidabad my name Manoni Bibi and Sulekha Bibi" is the same and identically one person.

I RANJINI BHAWAL (old name) W/O SAIKAT BHAWAL resident of 19 Andhon Pari, P.S Lake District Kolkata 700008 West Bengal do hereby declare that I have changed my name from RANJINI BHAWAL (old name) to RANJINI SEN (new name) and henceforth I shall be known as RANJINI SEN (new name) in all purpose vide affidavit no 19 sworn before the Notary Public at Kolkata Date 20/07/2026 RANJINI SEN (new name) and RANJINI BHAWAL (old name) both are same and one identical person.

I BARNANA BHATTACHARJEE (old name) W/O DHANANJAY BHATTACHARJEE resident of 3/2 Dingamara Apartment Road No 1 H.B Town Sodepur P.S Khardah District-North 24 Parganas 700110 West Bengal do hereby declare that I have changed my name from BARNANA BHATTACHARJEE (old name) to BARNANA CHAKRABORTY (new name) and henceforth I shall be known as BARNANA CHAKRABORTY (new name) in all purpose vide affidavit no 40 sworn before the Notary Public at Kolkata Date 24/07/2026 BARNANA CHAKRABORTY (new name) and BARNANA BHATTACHARJEE (old name) both are same and one identical person.

I AMIT KUMAR KESHAN (old name) S/O SUSHIL KUMAR KESHAN resident of 1/48 Evidaw Block-D Flat-465 113 B Sarani P.S-Lake District-Kolkata-700068 West Bengal do hereby declare that I have changed my name from AMIT KUMAR KESHAN (old name) to AMIT KESHAN (new name) and henceforth I shall be known as AMIT KESHAN (new name) in all purpose vide affidavit no 08AB 173950 sworn before the Metropolitan Magistrate 4th Court at Calcutta Date 17.02.2021 AMIT KESHAN (new name) and AMIT KUMAR KESHAN (old name) both are same and one identical person.

I CLAYTON MARTIN and CLAYTON ROLLAND MARTIN (old name) S/O TEPANCE WILLIAM MARTIN resident of 78 Basta Danga Masid Bari Bye Lane P.O & P.S-Tiljala District-Kolkata-700039 West Bengal do hereby declare that I have changed my name from CLAYTON MARTIN and CLAYTON ROLLAND MARTIN (old name) to CLAYTON ROLAND MARTIN (new name) and henceforth I shall be known as CLAYTON ROLAND MARTIN (new name) in all purpose vide affidavit no 41 sworn before the Notary Public at Kolkata Date 24/07/2026. CLAYTON ROLAND MARTIN (new name) and CLAYTON MARTIN and CLAYTON ROLLAND MARTIN (old name) both are same and one identical person.

I JANICE MARTIN (old name) W/O CLAYTON ROLAND MARTIN resident of 78, Basta Danga Masjid Bari Bye Lane, P.O & P.S-Tiljala District-Kolkata-700039 West Bengal do hereby declare that I have changed my name from JANICE MARTIN (old name) to JANICE ANN MARTIN (new name) and henceforth I shall be known as JANICE ANN MARTIN (new name) in all purpose vide affidavit no 41 sworn before the Notary Public at Kolkata Date 24/07/2026. JANICE ANN MARTIN (new name) and JANICE MARTIN (old name) both are same and one identical person.

I MONOARA BIBI (old name) W/O Abdul Kader Resident of Vill- Hadpur Chandhara, PO-Hadpur, P.S- Bhangar, Dist- North 24 Parganas Pin-743424 W. B. do hereby declare that I have changed my name from MONOARA BIBI (old name) to MANOYARA BIBI(new correct name) and henceforth I shall be known as MANOYARA BIBI (new correct name) in all purpose vide affidavit No 15753 sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Barasat, Dist- North 24 Parganas on Date- 21.07.26. MANOYARA BIBI (new correct name) and MONOARA BIBI (old name) both are same and one identical person.

I LALMAHAMUD SHEIKH (old name) S/O- BANAMALI SHAH residing at VILL&PO- RAYPUR PS-DOMKAL DIST-MURSHIDABAD PIN-742223 (WB) do here by Declare that I have changed my name from LALMAHAMUD SHEIKH (old name) to LAL MAHAMMAD SHEIKH (new name) and henceforth I shall be known as LAL MAHAMMAD SHEIKH (new name) in all purpose vide an affidavit sworn before the notary public at Berhampore court on 24/07/2026. LALMAHAMUD SHEIKH (old name) and LAL MAHAMMAD SHEIKH (new name) both name are same and one identical person.

I RAFSUN JAHAN (old name) S/O- SANKAR LABILU residing at VILL- JHIKRA PO- PALASPUR PS-KANDI DIST-MURSHIDABAD PIN-742137 (WB) do here by declare that I have changed my name from RAFSUN JAHAN (old name) to RAFSANJAHAN (new name) and henceforth I shall be known as RAFSANJAHAN (new name) in all purpose vide an affidavit sworn before the notary public at Berhampore court on 23/07/2026. RAFSUN JAHAN (old name) and RAFSANJAHAN (new name) both name are same and one identical person.

I SANKAR LABILU (old name) S/O- TAHIRUDDIN SANKAR residing at VILL- JHIKRA PO- PALASPUR PS-KANDI DIST-MURSHIDABAD PIN-742137 (WB) do here by declare that I have changed my name from SANKAR LABILU (old name) to LABILU SANKAR (new name) and henceforth I shall be known as LABILU SANKAR (new name) in all purpose vide an affidavit sworn before the notary public at Berhampore court on 23/07/2026. SANKAR LABILU (old name) and LABILU SANKAR (new name) both name are same and one identical person.

I SUKLAL BISWAS (old name) S/O- KRISNA BISWAS residing at VILL- BLANDI NUTANPARA PO-NIMTITA PS-BHAPUR DIST-NADIA PIN-741123 (WB) do here by declare that I have changed my name from SUKLAL BISWAS (old name) and henceforth I shall be known as SHUKLAL BISWAS (new name) in all purpose vide an affidavit sworn before the notary public at Berhampore court on 24/07/2026. SUKLAL BISWAS (old name) and SHUKLAL BISWAS (new name) both name are same and one identical person.

পাঞ্জাব নেশনাল ব্যাঙ্ক punjab national bank

বৈদ্যুতিন নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি
তারিখ : ২৪.০৮.২০২৬

অ্যাসেট রিকোভারি ম্যানেজমেন্ট শাখা, দুর্গাপুর,
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর - ৭১৩ ২১৩, পশ্চিম বর্ধমান, প.ব. ই-মেল : cs8222@pnb.bank.in

স্থাবর সম্পত্তিগুলির বিক্রির বিজ্ঞপ্তি

ইএমডি (অগ্রিম মূল্য ডিপোজিট) এবং নথিপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় : ২৪.০৮.২০২৬ দুপুর ২টো পর্যন্ত

সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ৮(৬) ও ৯(১) নম্বর রুলের সঙ্গে পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ১৫(১) নম্বর রুলানুযায়ী স্থাবর সম্পত্তি/সম্পত্তিগুলি বিক্রয়ের বিজ্ঞপ্তি

নিম্নে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিগুলি বন্ধকীকৃত বা বিক্রয় করা হবে যা নিম্নে বর্ণিত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/জামিনদার/আইনগত উত্তরাধিকারীর কাছে বকেয়া রয়েছে, যা তাদের নামে নিম্নে বর্ণিত ঠিকানায় অবস্থিত। বিক্রয় নিম্নে বর্ণিত শর্তাবলি সাপেক্ষে করা হবে।

স্থাবর সম্পত্তিগুলির বিবরণ
[উক্ত সম্পত্তিগুলির সিকিউরিটি ইন্টারেস্ট বন্ধকীকৃত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ৮(৬) নম্বর রুলানুযায়ী বিক্রয় করা হবে]

ক্রমিক সংখ্যা	ঋণগ্রহীতার নাম ও জামিনদার/আইনগত উত্তরাধিকারীদের নাম ও ঠিকানা	বন্ধকী স্থাবর সম্পত্তিগুলির বিবরণ, সম্পত্তির নাম ও অবস্থান	(ক) দেনাদারী ২৫(১) নম্বরানুযায়ী দাবি বিজ্ঞপ্তির তারিখ (খ) দখলের তারিখ (গ) ১৩(৪) নম্বরানুযায়ী দখলের	(ক) সংরক্ষিত মূল্য (খ) ইএমডি (গ) বিডে বৃদ্ধিকরণের হার	ই-নিলামের তারিখ ও সময়
১	লিঃ - শাখা/দুর্গাপুর [illegible] (১) [illegible] (২) [illegible] (৩) [illegible] (৪) [illegible] (৫) [illegible] (৬) [illegible] (৭) [illegible]	(১) [illegible] সম্পত্তির [illegible] জমি, [illegible] [illegible] [illegible]